



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাব্যবস্থাপক (বীজ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

এবং

সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)  
এর মধ্যে স্বাক্ষরিত



**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

## সূচিপত্র

### উপক্রমিকা (Preamble)

উপক্রমিকা .....	৩
কর্মসম্পাদনের সার্বিক চিত্র .....	৪
সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি.....	৫
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact).....	৬
সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ.....	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ.....	১৪
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ.....	১৫
সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ.....	২০



## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাব্যবস্থাপক (বীজ), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

এবং

সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের .....তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## বিএডিসি এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of BADC)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### • সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

দেশের কৃষি উন্নয়ন ও সরকারের কৃষি নীতি বাস্তবায়নে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) ফসল উৎপাদনের তিনটি উপকরণ-মানসম্পন্ন বীজ, সেচ সুবিধা এবং নন-নাইট্রোজেনাস সার কৃষকের বোরগোড়ায় পৌঁছে দেয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এর ধারাবাহিকতায় বিগত ৩ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য অর্জন হলো, বিভিন্ন ফসলের ৪.২৭ লক্ষ মেট্রিক টন বীজ উৎপাদন ও ৩.৯২ লক্ষ মেট্রিক টন বীজ সরবরাহ ইত্যাদি।

### • সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

দেশের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে নিজস্ব খামারে ও চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে মানসম্পন্ন বীজ উৎপাদন করা।

### • ভবিষ্যৎ পরিকল্পনা

কৃষকদের ক্রমবর্ধমান চাহিদার সাথে সংগতি রেখে বিভিন্ন ফসলের মানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ ও সরবরাহ, জীব প্রযুক্তি ব্যবহার করে টিস্যুকালচার ল্যাবের মাধ্যমে আলুবীজের মৌল শ্রেণির রোগমুক্ত বীজ উৎপাদন ও বিতরণের মাধ্যমে বিদেশ হতে প্রজনন শ্রেণির আলুবীজ আমদানী নির্ভরতা কমানো ইত্যাদি কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করার পরিকল্পনা রয়েছে।

২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ধান, গম, ভূট্টা, ডাল, তেল, আলু, শাক-সবজি, ফল ও পাটসহ বিভিন্ন ফসলের ১.৪২ লক্ষ মেট্রিক টন বীজ উৎপাদন ও ১.৩৫ লক্ষ মেট্রিক টন বীজ কৃষক পর্যায়ে সরবরাহ;

সেকশন ১

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)  
এবং কার্যাবলি (Functions)

১.১ রূপকল্প (Vision):

মানসম্পন্ন কৃষি উপকরণ যোগান ও দক্ষ সেচ ব্যবস্থাপনা।

১.২ অভিলক্ষ্য (Mission):

উচ্চ ফলনশীল বিভিন্ন ফসলের বীজ উৎপাদন, সংরক্ষণ ও সরবরাহ বৃদ্ধি।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১.৩.১ প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধিকরণ;

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ;

২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মনোন্নয়ন;

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন এবং


৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

১.৪ প্রধান কার্যাবলি (Functions):

১. উচ্চ ফলনশীল বিভিন্ন ফসলের ভিত্তি, প্রত্যায়িত ও মানঘোষিত বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ এবং সরবরাহ;

২. কৃষকের নিকট গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত জাতের বীজ বর্ধন ও বিতরণ;

৩. বিভিন্ন ফসলের বীজ বিশুদ্ধকরণ, জাত উন্নয়ন ও মৌলিক গবেষণা।



বিএডিসি'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কার্যসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	প্রকৃত		লক্ষ্যসীমা	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যসীমা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত সমন্বয়/বিভাগ/সংশ্লিষ্ট সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র (Source of Data)
			২০১৬-১৭	২০১৭-১৮*		২০১৬-১৭	২০১৬-১৭		
১ মানসম্পন্ন বীজের পর্যাপ্ততা	২ সরবরাহকৃত ভিত্তি, প্রত্যায়িত, মানযোষিত এবং প্রতিকূলতা সহিষ্ণু জাতের বীজ	৩ মেট্রিক টন (লক্ষ)	৪ ১.৩০	৫ ১.৩৫	৬ ১.৩৫	৭ ১.৪২	৮ ১.৪৮	৯ বিজেএমসি, এসসিএ, রি, বারি, বিনা, বশেশুরকুবি ও গম গবেষণা কেন্দ্র	১০ বিএডিসি'র বার্ষিক প্রতিবেদন, ত্রৈমাসিক প্রতিবেদন, বাৎসরিক ও অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন

\* সাময়িক

